

স্মারক নং- ৩১.১০.০৪০০.১১১.৩২.৫১৭.২৩- ৯৪৫

তারিখ: ১৮ আশ্বিন ১৪৩০  
০৬ অক্টোবর ২০২৪

### উন্নয়ন প্রকল্পের আওতায় ২০ একরের উর্ধ্বের বদ্ধ জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে বরগুনা জেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন নিম্নবর্ণিত (২০ একরের উর্ধ্ব আয়তন বিশিষ্ট বদ্ধ) ইজারায়োগ্য জলমহাল ১৪৩২-১৪৩৭ বঙ্গাব্দ পর্যন্ত ০৬ (ছয়) বছর মেয়াদে উন্নয়ন প্রকল্পের আওতায় ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখার ২৭.০৮.২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯.৫৯৩ নং প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতি এর সভাপতি/সম্পাদকগণের নিকট হতে আগামী ০৪ কার্তিক হতে ৩০ কার্তিক ১৪৩১ তারিখের মধ্যে নিয়মাবলী/শর্তাবলী ও চেকলিস্ট অনুসরণপূর্বক ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা [jm.lams.gov.bd](http://jm.lams.gov.bd) লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনের মাধ্যমে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

০২। ১৪৩১ বঙ্গাব্দের ৩০ কার্তিকের পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে অনলাইনে দাখিলকৃত আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপিসহ জামানতের ব্যাংক ড্রাফট/পে- অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা এর এস.এ শাখায় দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে 'জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন' কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম, ঠিকানা ও মোবাইল নম্বর লিখিত থাকতে হবে।

উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪৩২-১৪৩৭ বঙ্গাব্দ মেয়াদে ইজারায়োগ্য বরগুনা জেলার জলমহালের তথ্য:

ক্রম	উপজেলা	আয়তন	সরকারি ইজারামূল্য (বাৎসরিক)	সময়কাল
০১	আমতলী	মোট ৩০.০০ একর	৭,৮১,২৫০/- (সাত লক্ষ একাশি হাজার দুইশত পঞ্চাশ টাকা)	১৪৩২-১৪৩৭

উন্নয়ন প্রকল্প সংশ্লিষ্ট জলমহালের বিস্তারিত তথ্যাদি এ কার্যালয়ের এস.এ শাখা হতে সংগ্রহ করা যাবে।



(মোহাম্মদ শফিউল আলম)

জেলা প্রশাসক

বরগুনা

ও

সভাপতি

জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

E-mail: [dcbarguna@mopa.gov.bd](mailto:dcbarguna@mopa.gov.bd)